

২০১৫-১৬ অর্থবছরে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের গুরুত্বপূর্ণ কার্যক্রমের অর্জনসমূহ:

- (১) জাতীয় জীবনে বিভিন্ন ক্ষেত্রে অবদানের স্বীকৃতিস্বরূপ ১৬ জন সুধীকে একুশে পদক-২০১৬ প্রদান করা হয়।
- (২) যথাযোগ্য মর্যাদায় শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০১৬ উদ্‌যাপন করা হয়।
- (৩) শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-উপলক্ষে মাসব্যাপী একুশে গ্রন্থমেলা, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।
- (৪) ২৫ বৈশাখ/৮ মে ২০১৬ তারিখে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৫৫তম জন্মবার্ষিকী উদ্‌যাপন করা হয়। এ উপলক্ষে ০৮ মে ২০১৬ তারিখ ওসমানী স্মৃতি মিলনায়তনে মহামান্য রাষ্ট্রপতি মূল অনুষ্ঠান উদ্বোধন করেন। এছাড়া ঢাকাসহ রবীন্দ্র স্মৃতি বিজড়িত কুষ্টিয়ার শিলাইদহ, নওগাঁর পতিসর এবং খুলনার দক্ষিণডিহি ও পিঠাভোগসহ দেশের সকল জেলা, উপজেলা ও শিক্ষা প্রতিষ্ঠানে বিশ্বকবির ১৫৫তম জন্মবার্ষিকী উপলক্ষে বিভিন্ন কর্মসূচি পালিত হয়েছে।
- (৫) ১১ জ্যৈষ্ঠ/২৫ মে ২০১৬ তারিখ জাতীয় কবি কাজী নজরুল ইসলাম-এর ১১৭তম জন্মবার্ষিকী উদ্‌যাপন করা হয়। এ উপলক্ষে ২৫ মে ২০১৬ তারিখ মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক চট্টগ্রামে অনুষ্ঠিত মূল অনুষ্ঠান উদ্বোধন করার কথা থাকলেও বৈরী আবহাওয়ার জন্য তিনি উপস্থিত হতে পারেননি বিধায় সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মূল অনুষ্ঠান উদ্বোধন করেন এবং মহামান্য রাষ্ট্রপতির বাণী পাঠ করেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব বেগম আকতারী মমতাজ। এছাড়া ঢাকাসহ নজরুল স্মৃতি বিজড়িত ময়মনসিংহের ত্রিশাল এবং কুমিল্লার দৌলতপুরসহ দেশের সকল জেলা, উপজেলা ও শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১১৭তম জন্মবার্ষিকী উপলক্ষে বিভিন্ন কর্মসূচি পালিত হয়েছে।
- (৬) মন্ত্রণালয়ের উদ্যোগে ঢাকাসহ জেলা ও উপজেলা পর্যায়ে সরকারিভাবে পহেলা বৈশাখ ১৪২৩ উদ্‌যাপন।
- (৭) রবীন্দ্র জন্মবার্ষিকী উপলক্ষে ০২টি শিশুতোষ চলচ্চিত্রের নির্মাণ সম্পন্ন করে প্রিমিয়ার শো'র আয়োজন।
- (৮) সুচিত্রাসেনের জন্মশত বার্ষিকী উপলক্ষে পাবনা জেলায় অবস্থিত সুত্রিতা সেন এর পৈত্রিক বাড়িকে কেন্দ্র করে তাঁর অভিনীত চলচ্চিত্র নিয়ে সুত্রিতা সেন চলচ্চিত্র উৎসব-২০১৬ আয়োজন করা হয়।
- (৯) একটি সংস্কৃতি কর্মকাণ্ডের নকশা প্রণয়নপূর্বক পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয় এই ০৫টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ/আবাসিক হল/হোস্টেলে সাংস্কৃতিক কার্যক্রমের জন্য আর্থিক অনুদান প্রদান।
- (১০) ২০১৫-২০১৬ অর্থবছরে ঢাকা বিভাগের ২টি জেলায় বইমেলা অনুষ্ঠিত হয়েছে এবং কলকাতায় অনুষ্ঠিত আন্তর্জাতিক বইমেলায় বাংলাদেশের অংশগ্রহণ।
- (১১) ইরানে অনুষ্ঠিত ২৮তম তেহরান আন্তর্জাতিক বই মেলায় অংশগ্রহণ। এ সময় সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর উপস্থিতিতে তেহরানে বাংলাদেশ ও ইরানের মধ্যে ২০১৫-২০১৮ মেয়াদে সাংস্কৃতিক বিনিময় চুক্তি স্বাক্ষর।
- (১২) ভারতের মাননীয় প্রধানমন্ত্রীর বাংলাদেশ সফর উপলক্ষে ৬ জুন ২০১৫ ঢাকায় বাংলাদেশ ও ভারতের মধ্যে ২০১৫-১৭ মেয়াদে সাংস্কৃতিক বিনিময় কার্যক্রম স্বাক্ষর।
- (১৩) ২৯ মে ২০১৬ থেকে ০২ জুন ২০১৬ পর্যন্ত বাংলাদেশ দূতাবাস, থাইল্যান্ড এর ব্যবস্থাপনায় আয়োজিত Bangladesh Trade and Investment Expo, 2016 উপলক্ষে ২৪ সদস্য বিশিষ্ট সাংস্কৃতিক প্রতিনিধিদল অংশগ্রহণ।
- (১৪) Art Acre Foundation কলকাতা, ভারত কর্তৃক আয়োজিত 'Art Festival'-এ বাংলাদেশ আর্ট গ্যালারির উদ্বোধন এবং মাননীয় মন্ত্রীর নেতৃত্বে দেশের প্রথম সারির চিত্রশিল্পী, সংগীত শিল্পীসহ ২২ জন প্রতিনিধির অংশগ্রহণ।
- (১৫) ২২-২৫ জুন ২০১৬ পর্যন্ত মিশরের কায়রোতে অনুষ্ঠিত সাংস্কৃতিক অনুষ্ঠানে ১৫ সদস্য বিশিষ্ট সাংস্কৃতিক প্রতিনিধিদল অংশগ্রহণ।
- (১৬) ২২-২৪ জুন ২০১৬ সময়ে Gwangju Metropolitan City, Korea অনুষ্ঠিত 7th Asia Europe Cultural Ministers Meeting (ASEM CMM7) এ অংশগ্রহণ।

- (১৭) বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন কর্তৃক মাসব্যাপী লোক কারুশিল্প মেলা ও লোকজ উৎসব এর আয়োজন, বৈশাখী মেলার আয়োজন, শিল্পাচার্য জয়নুল আবেদীনের জন্ম ও মৃত্যুবার্ষিকী পালন উপলক্ষে জয়নুল মেলা এবং পৌষ-পার্বণ উপলক্ষে পৌষ মেলা আয়োজন করা হয়।
- (১৮) ২০১৫-২০১৬ অর্থ বছরে বেসরকারি পাঠাগার অনুদান খাতে বরাদ্দকৃত ২.৩০ (দুই কোটি ত্রিশ লক্ষ) টাকা ৭৪৭টি বেসরকারি পাঠাগারসমূহের মধ্যে বরাদ্দ প্রদান করা হয়। বরাদ্দকৃত অর্থের ৫০% বই ও বাকী ৫০% ক্রসড চেকের মাধ্যমে প্রদান করা হয়।
- (১৯) ২০১৫-২০১৬ অর্থ বছরে চারুশিল্প, থিয়েটার ইত্যাদি খাত হতে ৫,০১,৭০,০০০/- (পাঁচ কোটি এক লক্ষ সত্তর হাজার) টাকা দেশের ৯৩৯ (নয়শত উনচল্লিশ)টি সাংস্কৃতিক প্রতিষ্ঠানের অনুকূলে অনুদান হিসেবে বরাদ্দ প্রদান করা হয়।
- (২০) ২০১৫-২০১৬ অর্থ বছরে প্রশংসাযোগ্য ও কৃতিত্বপূর্ণ কাজের জন্য আর্থিকভাবে অসচ্ছল সংস্কৃতিসেবীদের ভাতা খাত হতে ৪,৭৫,৬১,০০০/- (চার কোটি পঁচাত্তর লক্ষ একষট্টি হাজার) টাকা বিভিন্ন জেলার মোট ২৫৩৭ (দুই হাজার পাঁচশত সাতত্রিশ) জন সংস্কৃতিসেবীকে বিভিন্ন হারে ভাতা প্রদান করা হয়।
- (২১) বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রী এবং ভারতের মাননীয় প্রধানমন্ত্রী শিলাইদহে রবীন্দ্র কুঠিবাড়ীর সম্প্রসারিত উন্নয়ন কার্যক্রমের ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন।
- (২২) প্রত্নতত্ত্ব অধিদপ্তরের তত্ত্বাবধানে দেশের ০৭টি প্রত্নস্থলের প্রত্নতাত্ত্বিক উৎখনন পরিচালিত হয়েছে।
- (২৩) ৫৩২টি প্রত্ন নিদর্শন চিহ্নিতকরণ করা হয়েছে এবং ১২,৫০০টি প্রত্ন প্রদর্শন করা হয়েছে।
- (২৪) বাংলাদেশ জাতীয় জাদুঘরে ১৪৪৫টি নিদর্শন সংগ্রহ করা হয়েছে।
- (২৫) বাংলাদেশ জাতীয় জাদুঘরের লবি, নলিনীকান্দ ভট্টশালী গ্যালারি এবং সুফিয়া কামাল মিলনায়তন সংস্কার করা হয়েছে।
- (২৬) বাংলা একাডেমি প্রেস আধুনিকায়ন করা হয়েছে।
- (২৭) বাংলা ভাষা ও সাহিত্য সম্পর্কিত উল্লেখযোগ্য কার্যক্রম, অভিধান প্রণয়ন, বিভিন্ন গবেষণা ও প্রকাশনা শীর্ষক কর্মসূচির আওতায় ৩৩টি বই প্রকাশিত হয়েছে।
- (২৮) বাংলা একাডেমি হতে ২৪টি বই পুনর্মুদ্রণ করা হয়েছে। উত্তরাধিকার পত্রিকা ৪২ বর্ষ : নবপর্যায়ে ৬০ থেকে ৬৪তম সংখ্যা এবং বাংলা একাডেমি পত্রিকা (৫৮ সংখ্যা) প্রকাশ করা হয়েছে।
- (২৯) বাংলা একাডেমি হতে আন্তর্জাতিক ফোকলার কর্মশালার আয়োজন করা হয়েছে।
- (৩০) বাংলা একাডেমি হতে ১১ জন বিশিষ্ট সাহিত্যিক ও প্রাবন্ধিককে বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার এবং ২ জনকে রবীন্দ্র পুরস্কার প্রদান করা হয়েছে।
- (৩১) নজরুল ইনস্টিটিউট হতে ৩২টি গ্রন্থের ২২৫০০ কপি প্রকাশ করা হয়েছে।
- (৩২) ১০টি সিডিতে ১২৫টি নজরুল সংগীত ধারণ করে এবং ৫টি সিডিতে নজরুলের ১০০টি কবিতা ধারণ করে প্রতিটি ১০০০ কপি সিডি প্রকাশ করা হয়েছে।
- (৩৩) ক্ষুদ্র নৃগোষ্ঠীর জীবন ও সংস্কৃতি নির্ভর অডিও এ্যালবাম ও মিউজিক ভিডিও এ্যালবাম নির্মাণ করা হয়েছে।

২৪/৮/১৫